রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ১০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৭, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৫৯—১৮২ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১১—১২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩০৭—৩৪৬ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৫—৪৮ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩১৫—৩৪০ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ অক্টোবর ২০১২/৬ কার্তিক ১৪১৯

**নং ০৮.০৩২.০৬৫.০১.০৪.০০৪.২০০৭-৭১১**—জনাব মোঃ হারুনুর রশিদ ভুঞা, আপীলাত যুগ্ম-কর কমিশনার, আপীল রেঞ্জ-৪, কর আপীল অঞ্চল-১, ঢাকা-কে দুর্নীতির অভিযোগে গ্রেফতার হওয়ায় এ বিভাগের ১৪-০৩-২০০৭ তারিখের অম/অসবি-২-পিএফ-৫৫/২০০৫/১৬৪ নম্বর প্রজ্ঞাপনমূলে বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ এর নোট-২ অনুযায়ী সরকারী চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। যেহেতু, জনাব মোঃ হারুনুর রশিদ ভুঞা, আপীলাত যুগ্ম-কর কমিশনার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের আবেদন করেছেন;

৩। যেহেতু, তাঁর বিরুদ্ধে দায়েরকৃত দু'টি মামলা রাজনৈতিক হয়রানীমূলক মামলা প্রত্যাহার সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় পর্যায়ে গঠিত কেন্দ্রীয় কমিটির ২৪তম সভায় প্রত্যাহারের সুপারিশ করেছে;

৪। যেহেতু, এ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত চাওয়া হলে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় "মাননীয় হাইকোর্ট বিভাগ আলোচ্য কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত দুর্নীতির মামলা দু'টি স্থগিত করেছে। তাছাড়া রাজনৈতিক হয়রানীমূলক মামলা প্রত্যাহার সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় পর্যায়ে গঠিত কেন্দ্রীয় কমিটির ২৪তম সভায়ও মামলা দু'টি প্রত্যাহারের সুপারিশ করা হয়। এমতাবস্থায়, প্রত্যাশী মন্ত্রণালয় ইচ্ছা করলে জনাব মোঃ হারুনুর রশিদ ভুঞার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার (withdraw) করে তাঁকে চাকুরীতে পুনর্বহালের আদেশ প্রদান করতে পারে" মর্মে মতামত প্রদান করেছে;

৫। সেহেতু, তাঁর আবেদন, রাজনৈতিক হয়রানীমূলক মামলা প্রত্যাহার সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় পর্যায়ে গঠিত কেন্দ্রীয় কমিটির ২৪তম সভার সুপারিশ এবং এ বিষয়ে আইন, বিচার ও সংসদ

আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে জনাব মোঃ হারুনুর রশিদ ভুঞা, আপীলাত যুগ্ম কর কমিশনার, আপীল রেঞ্জ-৪, কর আপীল অঞ্চল-১ ঢাকা-কে এ বিভাগের ১৪-০৩-২০০৭ তারিখের অম/অসবি-২-পিএফ-৫৫/২০০৫/১৬৪ নম্বর প্রজ্ঞাপনমূলে সরকারী চাকুরী হতে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হ'ল।

৬। তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ও অন্যান্য মামলার কার্যক্রম চলমান থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. নাসিরউদ্দীন আহমেদ**
সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ সেপ্টেম্বর ২০১২

**নং ৩(২৩) কর প্রশাসন-১/২০১২/৫৪২**—জনাব কাজী আশিকুর রহমান, অতিরিক্ত সহকারী কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-৫, ঢাকা গত ২০-০৯-২০১২ তারিখে বৃহস্পতিবার বিধিবর্হিভূতভাবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা গ্রহণকালে দুদক কর্তৃক হাতেনাতে গ্রেফতার হন।

২। তৎপ্রেক্ষিতে, বিএসআর পার্ট-১ এর বিধি ৭৩ এর নোট-২ অনুযায়ী জনাব কাজী আশিকুর রহমান, অতিরিক্ত সহকারী কর কমিশনার (চঃদাঃ), কর অঞ্চল-৫, ঢাকা-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সরকারী চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। এ বরখাস্ত আদেশ ২০-০৯-২০১২ তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

৩। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত নিয়মানুযায়ী খোরপোষ ভাতা পাবেন।

**এম এ কাদের সরকার**
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৩**

**আদেশ**

তারিখ, ২ অক্টোবর ২০১২

**নং ৬০৬-বিচার-৩/১ডি-১১/২০০৯**—যেহেতু, খুলনার সাবেক বিশেষ জজ পরবর্তীতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) বর্তমানে পি,আর,এল, ভোগরত জনাব মোঃ আবদুল আজিজ খলিফার বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১১/২০০৯ এবং ১৯/২০০৯ নং বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল; এবং

যেহেতু, জনাব মোঃ আবদুল আজিজ খলিফা ইতোমধ্যে অবসর উত্তর ছুটিতে গমন করেছেন।

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে খুলনার সাবেক বিশেষ জজ পরবর্তীতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) বর্তমানে পি,আর,এল, ভোগরত জনাব মোঃ আবদুল আজিজ খলিফার চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspension) আদেশ প্রত্যাহার করতঃ তাঁর বিরুদ্ধে রুজুকৃত ১১/২০০৯ এবং ১৯/২০০৯ নং বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল এবং তিনি বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন সময়ের আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক**
সচিব (দায়িত্বপ্রাপ্ত)।

---

**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ৪ সেপ্টেম্বর ২০১২

**নং আর-৬/৭এন ৬৫/২০১২-৫১৮**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবি সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আসলাম সিকদার, পিতা জনাব মোঃ কুদ্দুছ সিকদারকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ২৪ সেপ্টম্বর ২০১২

**নং আর-৬/৭এন ৭৭/২০১২-৫৬৪**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে পাবনা জেলা আইনজীবি সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুর রহিম (২), পিতা মরহুম জনাব মোঃ হাকিম উদ্দিন প্রাংকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন ৭৪/২০১২-৫৬৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবি সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব ইব্রাহীম আহম্দ, পিতা মরহুম জনাব মোঃ আব্দুল মোক্তাদীরকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জনাব মিজানুর রহমান খান**
উপ-সচিব (প্রশাসন-১)।

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৩ জুন ২০১২

**নং বিচার-৭/২এন-৩২/২০১২-৪৪৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মুহাঃ আঃ রকীব, পিতা মুহাঃ নূরুল হুদা, গ্রাম কামার্থী, ডাকঘর কালিহাতী, থানা কালিহাতী, জেলা টাংগাইল এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাংগাইল জেলার কালিহাতী পৌরসভার ৭, ৮ ও ৯নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১২

**নং বিচার-৭/২এন-৮/৯৪(অংশ)-৬৫৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ সামসুল ইসলাম তালুকদার, পিতা মৃত আব্দুল জোব্বার তালুকদার, গ্রাম চাকুলী, ডাকঘর মহিমাগঞ্জ, ইউনিয়ন ৯নং কামালেরপাড়া, উপজেলা সাঘাটা, জেলা গাইবান্ধা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলার ৯নং কামালেরপাড়া ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ১৩ সেপ্টেম্বর ২০১২

**নং বিচার-৭/২এন-৩৭/২০১২-৬৪৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ আমির হোসেন, পিতা মৃত মোঃ শাহজালাল, গ্রাম ৩৪নং কাচারী গল্লী, নিতাইগঞ্জ, ডাকঘর, থানা ও জেলা নারায়ণগঞ্জ এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৮নং ওয়ার্ড এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ২৩ সেপ্টেম্বর ২০১২

**নং বিচার-৭/২এন-২৮/২০১২-৬৫৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর

৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ ইছাহাক উদ্দিন, পিতা মোঃ আলী হোসেন, গ্রাম নন্দীগ্রাম, ডাকঘর ডৌহাখলা, উপজেলা গৌরীপুর, জেলা ময়মনসিংহ এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ৮নং ডৌহাখলা ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৪ অক্টোবর ২০১২

**নং বিচার-৭/২এন-৪২/০৫-৬৯৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মোঃ রফিকুল ইসলাম, পিতা মোঃ ওয়াজিদ আলী, গ্রাম রাজনগর, ডাকঘর পৃথিমপাশা, উপজেলা কুলাউড়া, জেলা মৌলভীবাজার এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ১২নং পৃথিমপাশা ইউনিয়ন এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ০৭ অক্টোবর ২০১২

**নং বিচার-৭/২এন-২১/৯৫-৬৯৪**—নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিজ্ঞ নিম্ন আদালতের ডিগ্রী মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগ পর্যন্ত বহাল থাকায় এবং বর্তমানে কোন আদালতে কোন নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ না থাকায় নরসিংদী জেলার মনোহরদী উপজেলার গোতাশিয়া ইউনিয়নের জন্য জনাব মোঃ আতাউর রহমানের নামীয় নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স বাতিল করা হলো এবং তদস্থলে জনাব মোঃ নেয়ামত উল্লাহ মোল্লা, পিতা মৃত মোঃ কিতাব আলী মোল্লা এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রী লাইসেন্স ইস্যু করা হলো।

**মোঃ মাহমুদুল করিম**
সিনিয়র সহকারী সচিব।

## খাদ্য মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ০১ আশ্বিন ১৪১৯/১৬ সেপ্টেম্বর ২০১২

**নং ১৩.০০.০০০০.০৩৫.১৪.০০২.১১-৯৩**—খাদ্য বিভাগের বাস্তবায়নাধীন "Construction of 1.35 Lakh M.T Capacity New Food godowns" শীর্ষক প্রকল্পের প্যাকেজ নং-WD-208(1) এর আওতায় হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ এলএসডিতে ২টি ৫০০ মেঃ টন ধারণ ক্ষমতার নতুন খাদ্য গুদাম নির্মাণ কাজের 3rd Variation প্রস্তাবের পরিপ্রেক্ষিতে নিম্নোক্তভাবে একটি তদন্ত কমিটি গঠন করা হ'ল ঃ

**আহ্বায়ক**

(ক) জনাব মোঃ লিয়াকত আলী, উপ-প্রধান, খাদ্য মন্ত্রণালয়।

**সদস্য**

(খ) জনাব মোঃ মুসলিম উদ্দিন, আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (আরএমই), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

**সদস্য-সচিব**

(গ) জনাব মোঃ জুলফিকার রহমান, উপ-প্রকল্প পরিচালক, "Construction of 1.35 Lakh M.T Capacity New Food godowns" শীর্ষক প্রকল্প, খাদ্য ভবন, ঢাকা।

**তদন্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

তদন্ত কমিটি প্যাকেজ নং-WD-208(1) এর আওতায় হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ এলএসডিতে ২টি ৫০০ মেঃ টন ধারণ ক্ষমতার নতুন খাদ্য গুদাম নির্মাণে গণপূর্ত অধিদপ্তরের ডিজাইন বিভাগের অনুমোদিত নকশায় বর্ণিত বিনির্দেশ অনুসরণ না করে কাজ সম্পাদন, যথাযথভাবে তথ্য সংরক্ষণ না করা, ঘটনাত্তোর অনুমোদন চাওয়া, বিভিন্ন সময় দরপত্র প্রণয়ন ও ব্যয় প্রাক্কলনে গাফিলতি/অবহেলা ইত্যাদি করা হয়ে থাকলে তা চিহ্নিত করে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ মোহাম্মদ মাহবুব**
সিনিয়র সহকারী প্রধান।

## তথ্য মন্ত্রণালয়
## টিভি-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৬ আশ্বিন ১৪১৯/০১ অক্টোবর ২০১২

**নং ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১২.৬৫৮**—বিভিন্ন প্যাকেজ অনুষ্ঠান প্রিভিউ করার জন্য গঠিত বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির সিদ্ধান্ত/সুপারিশের পরিপ্রেক্ষিতে আপীল আবেদনসমূহ পুনর্বিবেচনা করে অনুষ্ঠান নির্বাচন সংক্রান্ত সিদ্ধান্ত চূড়ান্তকরণের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি "আপীল কমিটি" গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) সচিব, তথ্য মন্ত্রণালয়

### সহ-সভাপতি

(২) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়

### সদস্যবৃন্দ

(৩) জনাব আবুল কালাম আজাদ, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব

(৪) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা

(৫) অধ্যাপক আফসার আহমেদ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়

(৬) জনাব আতাউর রহমান, নাট্যব্যক্তিত্ব

(৭) জনাব রামেন্দু মজুমদার, নাট্যব্যক্তিত্ব

(৮) বেগম লায়লা হাসান, নৃত্য পরিচালক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব

(৯) বেগম পাপিয়া সারোয়ার, সঙ্গীত শিল্পী

(১০) জনাব মনজুরুল আহসান বুলবুল, সাংবাদিক ও টিভি ব্যক্তিত্ব

(১১) জনাব আবেদ খান, সাংবাদিক ও টিভি ব্যক্তিত্ব

### সদস্য-সচিব

(১২) যুগ্ম-সচিব (টিভি)/উপ-সচিব (টিভি), তথ্য মন্ত্রণালয়

**আপীল কমিটির কার্যপরিধি ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপ ঃ**

(১) সচিব, তথ্য মন্ত্রণালয় এর সভাপতিত্বে কমিটির সভা অনুষ্ঠিত হবে;

(২) এ কমিটি বাংলাদেশ টেলিভিশন অনুষ্ঠান সংক্রান্ত আপীল কমিটি নামে পরিচিত হবে;

(৩) এ কমিটি বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির সিদ্ধান্ত/সুপারিশ সম্পর্কে আপীল আবেদন পুনর্বিবেচনা করে অনুষ্ঠান নির্বাচন সংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে;

(৪) সচিব, তথ্য মন্ত্রণালয় এর অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব তথ্য মন্ত্রণালয় এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে;

(৫) কমিটির মোট সদস্য সংখ্যার অনূন্য ৪ (চার) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে।

২। তথ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-তম/টিভি-২/৩পি-১/২০০৮/১৭৭, তারিখঃ ১৩-০৪-২০০৯ এবং প্রজ্ঞাপন নং-তম/টিভি-২/৩পি-২/২০০৮/৫৬২, তারিখঃ ৩০-০৯-২০১০ মূলে গঠিত আপীল কমিটি এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হামিদা চৌধুরী**
উপ-সচিব।

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ, ৬ কার্তিক ১৪১৯/২১ অক্টোবর ২০১২

**নং প্রম/রীট-১৮০/২০১০/ডি-২১/১৯২**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৪ মে ২০১০ তারিখের পত্র নম্বর মশিবিম/শা-সেল/রীট পিটিশন-১৮/০৮/৬২২ (৪৫), অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মস্থলে নারীদের সম্ভাব্য যৌন হয়রানি বন্ধের লক্ষ্যে এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপভাবে একটি 'কমপ্লেইন্ট কমিটি' গঠন করা হল ঃ

### সভাপতি

(১) উপ-সচিব (আইন), প্রতিরক্ষা মন্ত্রণালয়

### সদস্যবৃন্দ

(২) উপ-সচিব (৩), প্রতিরক্ষা মন্ত্রণালয়

(৩) স্পারসো-এর একজন ১ম শ্রেণীর কর্মকর্তা

(৪) আবহাওয়া অধিদপ্তর-এর একজন ১ম শ্রেণীর কর্মকর্তা

### সদস্য-সচিব

(৫) সিনিয়র সহকারী সচিব (শাখা ডি-২১), প্রতিরক্ষা মন্ত্রণালয়

২। **কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ**

রীট পিটিশন নম্বর ৫৯১৬/২০০৮ এর বিষয়ে গত ১৪ মে ২০০৯ তারিখে প্রদত্ত রায়ে মহামান্য আদালত কর্তৃক নির্ধারিত গাইড অনুসরণপূর্বক কর্মস্থলে নারীর প্রতি বৈষম্য তথা যৌন হয়রানিমূলক অভিযোগের নিস্পত্তিকরণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট দাখিলকরণ।

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের গত ২১ জুন ২০১০ তারিখের প্রম/রীট-১৮০/১০/ডি-২১/৭৫ নম্বর প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
সিনিয়র সহকারী সচিব।

---

## পরিবেশ ও বন মন্ত্রণালয়
## পরিকল্পনা শাখা-৫

### প্রজ্ঞাপন

তারিখ, ২৫ সেপ্টেম্বর ২০১২

**নং পবম/পরিশা-৫/৩৫০/২০১১/২৬৪**—পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন" শীর্ষক প্রকল্পের বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়/পরামর্শক নিয়োগ প্রস্তাব মূল্যায়নের জন্য "প্রস্তাব মূল্যায়ন কমিটি (PEC)" এবং পণ্য, কার্য ও ভৌত সেবা সংক্রান্ত দরপত্র

মূল্যায়নের জন্য “দরপত্র মূল্যায়ন কমিটি (TEC)” নিম্নরূপে পুনর্গঠন করা হলো ঃ

**পুনর্গঠিত প্রস্তাব মূল্যায়ন কমিটি (Proposal Evaluation Committee-PEC)**

**আহ্বায়ক**

(১) প্রকল্প পরিচালক, “স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন” শীর্ষক প্রকল্প

**সদস্যবৃন্দ**

(২) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৫, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, প্রাণী সম্পদ অধিদপ্তর, ঢাকা

(৪) সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা ইউনিট

(৫) সহকারী বন সংরক্ষক, “স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন” শীর্ষক প্রকল্প

**সদস্য-সচিব**

(৬) উপ-প্রকল্প পরিচালক, “স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন” শীর্ষক প্রকল্প

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) পিপিআর ২০০৮ অনুসরণপূর্বক বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়ে/পরামর্শতক নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র, আগ্রহ প্রস্তাব (EOI) বা প্রস্তাব পরীক্ষা ও মূল্যায়ন;

(২) পিপিআর ২০০৮ এর আলোকে সুপারিশসহ একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত;

(৩) মূল্যায়ন প্রতিবেদন যথাবিধি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশসহ প্রেরণ।

**পুনর্গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (Tender Evaluation Committee-TEC)**

**আহ্বায়ক**

(১) প্রকল্প পরিচালক, “স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন” শীর্ষক প্রকল্প

**সদস্যবৃন্দ**

(২) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৫, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এল.জি.ই.ডি), ঢাকা

(৪) প্রতিনিধি, বিআরটিএ

(৫) প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা

(৬) উপ-বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা

**সদস্য-সচিব**

(৬) উপ-প্রকল্প পরিচালক, “স্ট্রেংদেনিং রিজিওনাল কো-অপারেশন ফর ওয়াইল্ড লাইফ প্রটেকশন” শীর্ষক প্রকল্প

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) পিপিআর ২০০৮ অনুসরণপূর্বক পণ্য, কার্য ও ভৌত সেবা ক্রয়ের প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই বাছাই ও মূল্যায়ন;

(২) পিপিআর ২০০৮ এর আলোকে সুপারিশসহ একটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত;

(৩) মূল্যায়ন প্রতিবেদন যথাবিধি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশসহ প্রেরণ।

**মোঃ হুজুর আলী**
সিনিয়র সহকারী প্রধান।

---

**[একই নম্বর ও তারিখের প্রতিস্থাপন]**
**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**প্রশাসন-০৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ জ্যৈষ্ঠ ১৪১৯/২৮ মে ২০১২

**নং ৫২.০০৭.০২৮.০০.০০.৩৫৩.২০০৭-৯০৫**—আর্দিষ্ট হয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তর, বিভাগ, জেলা, উপজেলা ও থানা কার্যালয়ের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৫৩৯টি পদ ৩১-৫-২০১২ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের মঞ্জুরী করা হলো। মঞ্জুরকৃত পদসমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হল ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনস্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | যুগ্ম-পরিচালক | ০২ | ২২২৫০—৩১২৫০ | - |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২) | সিনিয়র সিস্টেম এনালিস্ট | ০১ | ২৫৭৫০—৩৩৭৫০ | - |
| (৩) | সহঃ মেইটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১ | ১১০০০—২০৩৭০ | - |
| (৪) | সহকারী প্রোগ্রামার | ০৬ | ১১০০০—২০৩৭০ | - |
| (৫) | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | ০২ | ৮০০০—১৬৫৪০ | - |
| (৬) | পরিসংখ্যান তদন্তকারী | ১৯১ | ৫৯০০—১৩১২৫ | - |
| (৭) | থানা পরিসংখ্যানবিদ | ৪৬ | ৫৯০০—১৩১২৫ | - |
| (৮) | প্রধান সহকারী | ০১ | ৫৫০০—১২০৯৫ | - |
| (৯) | উচ্চমান সহকারী | ৩৬ | ৫২০০—১১২৩৫ | - |
| (১০) | গাড়ীচালক | ৬৫ | - | পদটি Out Sourcing ভুক্ত বিধায় বেতনস্কেল নির্ধারণ করা হলো না। এ ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করা যেতে পারে। |
| (১১) | সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | ০৪ | ৬৪০০—১৪২৫০ | - |
| (১২) | কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২৩ | ৪৭০০—৯৭৪৫ | - |
| (১৩) | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৪ | ৪৭০০—৯৭৪৫ | - |
| (১৪) | সহকারী স্টোর কিপার | ০১ | ৪৫০০—৯০৯৫ | - |
| (১৫) | চেইনম্যান | ৫২ | - | পদটি Out Sourcing ভুক্ত বিধায় বেতনস্কেল নির্ধারণ করা হলো না। এ ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত আউট সোর্সিং নীতিমালা অনুসরণ করা যেতে পারে। |
| (১৬) | এমএলএসএস | ২৩ | - | |
| (১৭) | নাইট গার্ড | ৭১ | - | |

সর্বমোট নবসৃষ্ট পদ =৫৩৯টি

২। ২০১১-২০১২ অর্থ বছরের বাজেটে রাজস্ব খাত থেকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উক্ত নবসৃষ্ট পদগুলোর ব্যয় নির্বাহ হবে।

**মোঃ মতিয়ার রহমান**
উপ-সচিব।

---

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**প্রশাসন-১ (সংস্থাপন) অধিশাখা**
**অফিস আদেশ**

তারিখ, ০৪ আশ্বিন ১৪১৯/১৯ সেপ্টেম্বর ২০১২

**নং ২৪.০০.০০০০.১১১.১৯.৩৫১.২০১২-৬৫২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১২-০৯-২০১২ তারিখের ০৫.১৩২.০১৯.০১.০০.০০১.২০১১-১০০৩ সংখ্যক স্মারকমূলে অতিরিক্ত সচিব ড. মনতোষ ধর (পরিচিতি নং ৭৪০০), বাংলাদেশ রেশম বোর্ডের চেয়ারম্যান পদে যোগদানের নিমিত্ত ১৩-০৯-২০১২ তারিখ পূর্বাহ্নে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে যোগদানপত্র দাখিল করেছেন। তাঁর যোগদানপত্র গ্রহণ করে তাঁকে প্রচলিত শর্তে বাংলাদেশ রেশম বোর্ডের চেয়ারম্যান পদে পদায়ন করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

**মোঃ শাহাদাত হোসেন মজুমদার**
উপ-সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ সেপ্টেম্বর ২০১২

**নং ৩৯.০৮.০১৪.০৪.০০.০০.২০১২-১০০**—বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের অনুমোদিত জিপিপি-তে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের একটি ডিজিটাল ফিল্ম নির্মাণের সংস্থান রয়েছে। উক্ত ফিল্ম নির্মাণের কাজ দ্রুত ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হ'ল ঃ

**আহবায়ক**

(১) অতিরিক্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, অথবা তাঁর মনোনীত প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়।

(৩) জনাব শামসুজ্জামান খান, মহাপরিচালক, বাংলা একাডেমি।

(৪) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি।

(৫) মুক্তিযুদ্ধ যাদুঘরের একজন উপযুক্ত প্রতিনিধি।

(৬) জনাব মুনির হাসান, পরামর্শক, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

(৭) জনাব তারেক বরকত উল্লাহ, সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।

**সদস্য-সচিব**

(৮) মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার।

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম তৈরির বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম এর বিষয়বস্তু/script এ এবং ছবিটিতে বঙ্গবন্ধুর সার্বিক অবদান ও দেশের স্বাধীনতা অর্জনে তাঁর গৌরবোজ্জ্বল ভূমিকা যথাযথভাবে প্রতিফলিত হয়েছে কি-না তা নিশ্চিতকরণ;

(গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্মের কারিগরী বিনির্দেশ প্রস্তুতের এবং সর্বাধুনিক ডিজিটাল পদ্ধতি প্রয়োগে ছবিটি নির্মাণের ব্যবস্থা গ্রহণ;

(ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম নির্মাণের জন্য স্ক্রিপ্ট ও নির্মাতা প্রতিষ্ঠান/ব্যক্তি নিয়োগের দিক-নির্দেশনা প্রদান। মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার এ সংক্রান্ত EOI প্রণয়ন এবং অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন;

(ঙ) ছবিটি নির্মাণকালীন সময় কমিটি ছবিটি নির্মাণ কার্যক্রম পর্যবেক্ষণ করবেন এবং নির্মাতার সৃষ্টিশীল সৃজনশীলতায় যেন কোনরূপ বিঘ্ন না ঘটে সেদিকে লক্ষ্য রেখে তাঁদের মতামত দিবেন এবং ছবিটি চূড়ান্ত হওয়ার পর ছবিটি পর্যবেক্ষণ করে নভোথিয়েটারে জনসাধারণের প্রদর্শনের জন উন্মুক্তকরণের ব্যাপারে সুপারিশ করবেন;

(চ) কমিটির মধ্য হতে এ লক্ষ্যে একটি স্ক্রীপ্ট ও কারিগরি উপ-কমিটি গঠন করা যাবে। কমিটি এবং উপ-কমিটি প্রয়োজনে কারিগরি বিশেষজ্ঞ কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহাদাৎ হোসেন**
সহকারী প্রধান।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ অক্টোবর ২০১২

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৪.২০০৩-১০৬৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রাক্তন অতিরিক্ত সচিব জনাব সৈয়দ মঞ্জুরুল ইসলাম এর স্থলে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বর্তমান অতিরিক্ত সচিব জনাব জালাল আহমেদকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জামাল হোসাইন**
উপ-সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ২৪ সেপ্টেম্বর ২০১২

**নং ৩১.০৩৬.০৩৩.০০.০০.১৮৮.২০১০-১৫৬**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪ (২) বিধি এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক বরিশাল জোনাল সেটেলমেন্টের জরিপ কর্মসূচীভুক্ত বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর ও ভোলা জেলার ৮০টি মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | রবীন্দ্রনগর | ৫১ | বাবুগঞ্জ | বরিশাল |
| (২) | শ্রীনগর | ৫৭ | বাবুগঞ্জ | বরিশাল |
| (৩) | বাগিসেরপাড় | ১৫ | গৌরনদী | বরিশাল |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | তাঁরাকূপি | ২৮ | গৌরনদী | বরিশাল |
| (৫) | উত্তর মাদ্রা | ২৯ | গৌরনদী | বরিশাল |
| (৬) | ধুরিয়াইল | ৩৫ | গৌরনদী | বরিশাল |
| (৭) | উত্তর পশ্চিম চন্দ্রহার | ৯৭ | গৌরনদী | বরিশাল |
| (৮) | পূর্ব ডুমুরিয়া | ১৪ | গৌরনদী | বরিশাল |
| (৯) | লাখেরাজ কসবা | ৪৪ | গৌরনদী | বরিশাল |
| (১০) | উত্তর কান্ডপাশা | ১১২ | গৌরনদী | বরিশাল |
| (১১) | বাটাজোর | ১০৩ | গৌরনদী | বরিশাল |
| (১২) | বংকুরা | ১০৯ | গৌরনদী | বরিশাল |
| (১৩) | দক্ষিণ সাকোকাঠী | ১২৫ | গৌরনদী | বরিশাল |
| (১৪) | উত্তর ধানডোবা | ৩৩ | গৌরনদী | বরিশাল |
| (১৫) | পশ্চিম হর্নি | ৫৯ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (১৬) | পশ্চিম ইয়ারবেগ | ৮৩ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (১৭) | গংগা চরন | ৮৬ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (১৮) | জোরখালী | ৯৬ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (১৯) | চর বগী | ১২৪ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (২০) | কাশিমা | ৮৫ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (২১) | যাদুয়া | ৯১ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (২২) | পানবাড়ীয়া | ৮৯ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (২৩) | গাজীরচর | ১১৬ | মেহেন্দিগঞ্জ | বরিশাল |
| (২৪) | উত্তমনগর | ১৫ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (২৫) | পোষন্ডা | ৩১ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (২৬) | বিশাইন খাঁ | ৯৪ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (২৭) | কালিয়ারগোপ | ২৩ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (২৮) | শিমুলেশ্বর | ৩৫ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (২৯) | শভংকরকাটী | ৫১ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩০) | শতদশকাটী | ৫৮ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩১) | কাপুরকাটী | ৩২ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩২) | কুতুবকাটী | ১২৫ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩৩) | কুতুবনগর | ১৪৪ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩৪) | যোগেশ্বর | ১৩৩ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩৫) | বাসন্ডা | ১০৮ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩৬) | গোয়ালকান্দা | ৬৪ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩৭) | ইছালিয়া | ১৬০ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩৮) | রামচন্দ্রপুর | ০৭ | ঝালকাঠী সদর | ঝালকাঠী |
| (৩৯) | চাড়াখালী | ০৭ | রাজাপুর | ঝালকাঠী |
| (৪০) | লেবুবুনিয়া | ১২ | রাজাপুর | ঝালকাঠী |
| (৪১) | শাকরাইল | ১৯ | রাজাপুর | ঝালকাঠী |
| (৪২) | নিজ গালুয়া | ৩৫ | রাজাপুর | ঝালকাঠী |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৩) | বড় গালুয়া | ৩৬ | রাজাপুর | ঝালকাঠী |
| (৪৪) | বাজুকাটী | ৩৪ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| (৪৫) | নরখালী | ৫৩ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| (৪৬) | চরলখাকাটী | ৫৫ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| (৪৭) | দক্ষিণ রানীপুর | ৭৪ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| (৪৮) | সোনাকুড়া | ০৬ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| (৪৯) | কৈবর্ত্তখালী | ৩০ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| (৫০) | ব্রাহ্মণকাটী | ৪৪ | পিরোজপুর সদর | পিরোজপুর |
| (৫১) | কালাইয়া | ২৩ | জিয়ানগর | পিরোজপুর |
| (৫২) | চাড়াখালী | ১৫ | জিয়ানগর | পিরোজপুর |
| (৫৩) | ঢেপসাবুনিয়া | ২৬ | জিয়ানগর | পিরোজপুর |
| (৫৪) | কলারণ | ২৯ | জিয়ানগর | পিরোজপুর |
| (৫৫) | নলবুনিয়া | ২৫ | ভান্ডারিয়া | পিরোজপুর |
| (৫৬) | কেন্দুয়া মধূরকাটী | ০৯ | কাউখালী | পিরোজপুর |
| (৫৭) | কাঠালিয়া | ১৮ | কাউখালী | পিরোজপুর |
| (৫৮) | আইরন ঝপরসি | ১৩ | কাউখালী | পিরোজপুর |
| (৫৯) | গান্ডতা | ২২ | কাউখালী | পিরোজপুর |
| (৬০) | উজিয়াল খান | ২৫ | কাউখালী | পিরোজপুর |
| (৬১) | সয়না রঘুনাথপুর | ৩৩ | কাউখালী | পিরোজপুর |
| (৬২) | শিয়ালকাটী | ৪৫ | কাউখালী | পিরোজপুর |
| (৬৩) | খাঁয়েরকাঠী | ১৯ | নেছারাবাদ | পিরোজপুর |
| (৬৪) | জগন্নাথকাটী | ১৫ | নেছারাবাদ | পিরোজপুর |
| (৬৫) | ভদ্রাঙ্ক | ২৬ | নেছারাবাদ | পিরোজপুর |
| (৬৬) | মেসন্ডা | ৭৬ | নেছারাবাদ | পিরোজপুর |
| (৬৭) | কুহুদাসকাটী | ৭৩ | নেছারাবাদ | পিরোজপুর |
| (৬৮) | মনোহরপুর | ০৯ | নাজিরপুর | পিরোজপুর |
| (৬৯) | দক্ষিণ ঘোষকাঠী | ৬২ | নাজিরপুর | পিরোজপুর |
| (৭০) | চাঁদকাঠী | ৩২ | নাজিরপুর | পিরোজপুর |
| (৭১) | সাহামান্দার | ৪২ | ভোলা সদর | ভোলা |
| (৭২) | পূর্ব কাজীর চর ওরপে সমসাবাদ | ২৫ | ভোলা সদর | ভোলা |
| (৭৩) | চর জাঁঙ্গালিয়া | ৫৩ | ভোলা সদর | ভোলা |
| (৭৪) | কালিকানগর | ৪৪ | ভোলা সদর | ভোলা |
| (৭৫) | ছোট চরসামাইয়া | ৮৫ | ভোলা সদর | ভোলা |
| (৭৬) | চর অন্নদাপ্রসাদ | ৫২ | লালমোহন | ভোলা |
| (৭৭) | পলোয়াখালী | ৪৪ | লালমোহন | ভোলা |
| (৭৮) | কলুচর | ৩৪ | লালমোহন | ভোলা |
| (৭৯) | আছলামপুর | ০৭ | চরফ্যাশন | ভোলা |
| (৮০) | চর যমুনা | ১২ | চরফ্যাশন | ভোলা |

তারিখ, ০৮ অক্টোবর ২০১২

**নং ৩১.০৩৬.০০.০০.০৭৯.২০১০-১৭৯**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪ (২) বিধি এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক ফরিদপুর জোনাল সেটেলমেন্টের জরিপ কর্মসূচীভুক্ত ফরিদপুর, গোপালগঞ্জ ও রাজবাড়ী জেলার ১৭টি মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে ঃ

**তফসিল**

| ক্রমিক নং | মৌজার নাম | জে, এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | কৃষ্ণপুর | ০৩ | সদরপুর | ফরিদপুর |
| (২) | বোয়ালিয়া | ১১৪ | মধুখালী | ফরিদপুর |
| (৩) | আমডাঙ্গা | ৭৭ | মধুখালী | ফরিদপুর |
| (৪) | হাতিকাটা | ৭৭ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (৫) | বেতাঙ্গী | ৯১ | গোপালগঞ্জ সদর | গোপালগঞ্জ |
| (৬) | রামশীল লখন্ডা | ১৫ | কোটালীপাড়া | গোপালগঞ্জ |
| (৭) | বাসুদেবপুর | ২৪ | রাজবাড়ী সদর | রাজবাড়ী |
| (৮) | বাগমারা | ১০৪ | রাজবাড়ী সদর | রাজবাড়ী |
| (৯) | নবগ্রাম | ১৭৯ | রাজবাড়ী সদর | রাজবাড়ী |
| (১০) | সুকদেবপুর | ১৫ | রাজবাড়ী সদর | রাজবাড়ী |
| (১১) | ন-পাড়া | ৮০ | পাংশা | রাজবাড়ী |
| (১২) | বিলসলুয়া | ১৪৭ | পাংশা | রাজবাড়ী |
| (১৩) | মৃগীডাঙ্গা | ৬৩ | পাংশা | রাজবাড়ী |
| (১৪) | গোপিনাথপুর | ২৪ | পাংশা | রাজবাড়ী |
| (১৫) | মাছপাড়া | ৩২ | পাংশা | রাজবাড়ী |
| (১৬) | পচাকুলটিয়া | ৩১৪ | পাংশা | রাজবাড়ী |
| (১৭) | দুর্গাপুর | ৩৪৪ | পাংশা | রাজবাড়ী |

**কানিজ মওলা**
সিনিয়র সহকারী সচিব।

---

**ঘ-ফরম**
**এল, এ (ও) কেস নং ৩৮/৭০-৭১**
**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২২৩.১২-৪৮৮**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৯-১২-৭০ তারিখের আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রির্পোট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল কর হইল।

**তফসিল**

মৌজা বটিয়াঘাটা, জে, এল, নং ১৫, থানা বটিয়াঘাটা, জেলা খুলনা।

এস, এ দাগ নং (আংশিক) ঃ ৬, ৫১, ৫৫, ৫৭, ৫৯, ৬২, ১৬৩।

এস, এ দাগ নং (পুর্ণ) ঃ ৫২, ৫৪।

সর্বমোট জমির পরিমাণ=৪.৬৩ একর মাত্র।

জমির নকসা খুলনা জেলা প্রশাসক এর কার্যালয়, ভূমি হুকুম দখল শাখায় অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**L,A. Case No. 733/60-61**

**FORM D**

**Notice under Section 5(7) for Acquisition of a Property**

তারিখ, ১৯ সেপ্টেম্বর ২০১২

**No. ৩১.০০.০০০০.০৪৮.৩৪.২৫৭.১২-৪৮৯**—Wherease by under, dated the 5-7-61 & 24-5-62, the property/properties described in the schedule below was/were requisitioned under section 3 of the East Bengal (Emergency) Requisition of Property Act, 1948 (E.B. Act XIII of 1948);

And whereas the said property/properties continues/continue to be subject to requistion;

And whereas after considering the report made under sub-section (5) of section 5 of the said Act, Government have decided to acquire the said property/properties;

Now, therefore, in exercise of the power conferred by sub-section (7) of section 5 of the said Act *it is hereby notified* that the said requisitioned property/ properties as described in the schedule thereunder is/are acquired by Government.

**SCHEDULE**

C.S. Plots in full No. 1638, 1640, 1641, and C.S. Plots in part No. 1636, 1637, 1639, 1642, 1715, 1746, 1747, 1748, 1749, 1750, 1753, 1754, 1756, 1757, 1758, 1759, 1762, 1789, 1790, 1791, 1802, 1809, 1812, 1813, 1814, 1815, 1818, 1819, 1844, 1846, 1847, 1848, 1849, 1850, 1851, 1852, 1854, 1890, 1891, 1892, 1893, 1894, 1895, 1896, 1739, 1843, 1845, 1900, 1901 & 2660.

In Mouza Barandi JL. No. 91, P.S. Kotwali, Dist. Jessore measuring area more or less 9.10 acres only.

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৪ অক্টোবর ২০১২

**নং মপ্রাম/ম-১/অভিযোগ-০৫/১১/৪২১/১**—জনাব প্রশান্ত কুমার সরকার, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা কে বরিশাল বিজ্ঞ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে দণ্ড বিধির ৪০৬/৪২০ ধারায় বিচারাধীন সি আর ৮৬/২০১০ (মেহেন্দিগঞ্জ) নং মামলার প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ১৮-৪-২০১২ তারিখের মপ্রাম/ম-১/অভিযোগ-৫/১১/১৬৯ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে বিগত ২৮-৯-২০১০ খ্রিঃ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। জনাব প্রশান্ত কুমার সরকার, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত সি. আর. ৮৬/১০ (মেহেন্দীগঞ্জ) নং মামলাটি বাদী ও বিবাদী কর্তৃক মিমাংসা সূত্রে নিস্পত্তির জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করা হয়। বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ৩য় বিচার আদালত, বরিশাল কর্তৃক বিগত ১২-৭-২০১২ তারিখে মামলাটি ফৌজদারী কার্যবিধির ২৪৮ ধারায় প্রত্যাহার এবং তাঁকে মামলা থেকে খালাস প্রদান করা হয়। এ প্রেক্ষিতে বাংলাদেশ সার্ভিস রুলস্ (১ম খন্ড) এর বিধি ৭২ (এ) অনুসারে জনাব প্রশান্ত কুমার সরকার এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক তাঁকে চাকরিতে পুনর্বহাল করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে এবং সাময়িক বরখাস্তকালের জন্য তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**উজ্জ্বল বিকাশ দত্ত**
সচিব।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**উন্নয়ন শাখা-১**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৩ সেপ্টেম্বর ২০১২

**নং ৩২.০১.০০.০০০০.০৫৬.১৫.০১০.০৯.৩৫২**—আদিষ্ট হয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী", জিরানী, গাজীপুর" শীর্ষক সমাপ্ত প্রকল্পের কর্মরত জনবলসহ ১৮ (আঠার) টি পদ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৩(১০) অধিশাখার স্মারক নং ০৫.১৫৯.০১৫.৩২.০০.০৩৯.২০১০-১৪৩, তারিখ ২০-৪-২০১১ এর সম্মতিপত্র, অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৪ এর স্মারক নং ০৭.১৫৪.০১৫.০২.০১.০০৯.২০১১.৪৩২, তারিখ ২১-১১-২০১১, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-২ এর স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.৩২.০১১.১১-২৪৬, তারিখ ২৮-১২-২০১১ ও স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.৩২.০১১.১২-১১৫ তারিখ ১৬-৫-২০১২ মন্ত্রিপরিষদ বিভাগ, প্রশাসনিক উন্নয়ন শাখার স্মারক নং ০৪.২১১.০০৬.১৩.০০.০০১.২০১২-২৫৯ তারিখ ১২ আগস্ট ২০১২ এর আলোকে এবং মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক শাখা কর্তৃক মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১/১১১ তারিখ ৩-৫-২০০৩ সংখ্যক স্মারকে জারিকৃত সরকারি আদেশে প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রদত্ত

ক্ষমতাবলে ধারাবাহিকভাবে প্রকল্প সমাপ্তির তারিখ হতে ১-৭-২০০৪ খ্রিঃ তারিখ হতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | নির্ধারণকৃত বেতনস্কেল, ২০০৯ | শর্ত/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ট্রেড ইন্সট্রাকটর (আধুনিক গার্মেন্টস) ০১ টি | টাকা ৫৫০০—১২০৯৫ (১৩নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ** সরকার কর্তৃক কোন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে (আধুনিক গার্মেন্টস) ন্যূনপক্ষে ডিপ্লোমা এবং যে যে ট্রেডে ডিপ্লোমা কোর্স চালু হয়নি সেসব ক্ষেত্রে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা। |
| (২) | ট্রেড ইন্সট্রাকটর (পোল্ট্রি) ০১টি | টাকা ৫৫০০—১২০৯৫ (১৩নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ** সরকার কর্তৃক কোন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে (পোল্ট্রি) ন্যূনপক্ষে ডিপ্লোমা এবং যে যে ট্রেডে ডিপ্লোমা কোর্স চালু হয়নি সেসব ক্ষেত্রে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতার সনদপত্র। |
| (৩) | হিসাব রক্ষক ০১টি | টাকা ৫২০০—১১২৩৫ (১৪নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগবিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| (৪) | হোস্টেল মেট্রন (মহিলা) ০১টি | টাকা ৫২০০—১১২৩৫ (১৪নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ** স্নাতক ডিগ্রী পাশ। |
| (৫) | গাড়ী চালক ০১টি | টাকা ৪৭০০—৯৭৪৫ (১৬নং স্কেল) টাকা ৪৯০০—১০৪৫০ (১৫নং স্কেল) (ভারী গাড়ী চালনার লাইসেন্স থাকা সাপেক্ষে ১৫ নং স্কেল প্রাপ্য) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগবিধিমালার, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| (৬) | বাবুর্চি ০২টি | টাঃ ৪২৫০—৮১৪০ (১৯নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগবিধিমালার, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। তবে শর্ত থাকে যে, এতদ্‌সংক্রান্ত বিষয়ে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ২১-১১-২০১১ তারিখের ৪৩২ নং সম্মতিপত্রের ‘জ’ অনুচ্ছেদের শর্তানুযায়ী পদটি শূন্য হলে তা আউটসোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে। |
| (৭) | পশুপালন কর্মী ০২টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা ঃ** কোন স্বীকৃতপ্রাপ্ত বোর্ড হতে ন্যূনতম এস.এস.সি পাশ। তবে শর্ত থাকে যে এতদ্‌সংক্রান্ত বিষয়ে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ২১-১১-২০১১ তারিখের ৪৩২নং সম্মতিপত্রের ‘জ’ অনুচ্ছেদের শর্তানুযায়ী পদসমূহ শূন্য হলে তা আউটসোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য হবে। |
| (৮) | পোল্ট্রি কর্মী ০২টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০নং স্কেল) | |
| (৯) | হ্যাচারী এটেনডেন্ট ০৩টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০নং স্কেল) | |
| (১০) | দারোয়ান ০২টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগবিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। তবে শর্ত থাকে যে, এতদ্‌সংক্রান্ত বিষয়ে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ২১-১১-২০১১ তারিখের ৪৩২ নং সম্মতিপত্রের ‘জ’ অনুচ্ছেদের শর্তানুযায়ী পদটি শূন্য হলে তা আউটসোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে। |
| (১১) | এমএলএসএস ০২টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগবিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। তবে শর্ত থাকে যে, এতদ্‌সংক্রান্ত বিষয়ে ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের ২১-১১-২০১১ তারিখের ৪৩২ নং সম্মতিপত্রের ‘জ’ অনুচ্ছেদের শর্তানুযায়ী পদটি শূন্য হলে তা আউটসোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে। |

**শর্তাবলী ঃ**

(১) উপরে বর্ণিত ১৮টি পদ ০১-০৭-২০০৪ খ্রিঃ তারিখ হতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে ধারাবাহিকভাবে রাজস্বখাতে স্থানান্তরিত করা হ'ল যা মহিলা বিষয়ক অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা হ'ল;

(২) সুপারিশকৃত পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরের ক্ষেত্রে অর্থ ও জনপ্রশাসন মন্ত্রণালয় আরোপিত সকল শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে;

(৩) পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা যথাযথভাবে পালন করা হয়েছে;

(৪) স্থানান্তরিত সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্বখাতে নিয়মিতকরণের ক্ষেত্রে "উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ" বিষয়ে নতুন এস. আর. ও জারী করতে হবে;

(৫) জাতীয় বেতনস্কেল ২০০৯ এর আওতায় পদসমূহ স্থানান্তর করা হল। বেতনস্কেল নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন-২ শাখার জারীকৃত স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.৩২.০১১.১১-২৪৬ তারিখ ২৮-১২-২০১১ ও স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.৩২.০১১.১২-১১৫ তারিখ ১৬-৫-২০১২ এ প্রদত্ত শর্ত মোতাবেক প্রদর্শন করা হ'ল।

(৬) পদগুলো রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে;

(৭) রাজস্বখাতে স্থানান্তরিত পদসমূহে সমাপ্ত প্রকল্পে অব্যাহতভাবে কর্মরত নয় এমন কোন জনবল নিয়মিত করা হবে না;

(৮) যে সব পদ নিয়োগবিধিতে নেই সে সব পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৯) বাবুর্চি-২টি, পশুপালন কর্মী-২টি, পোল্ট্রি কর্মী-২টি, হ্যাচারী এটেনডেন্ট-৩টি. দারোয়ান-২টি ও এম.এল.এস.এস-২টি পদ স্থানান্তর হওয়ার ফলে স্থানান্তরিত লোকবল দ্বারা পূরণ হওয়ার পর তাদের অবসর গ্রহণ বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা Out Sourcing এর মাধ্যমে পূরণ করতে হবে;

(১০) পদ সংরক্ষণ ও পদ স্থায়ীকরণ সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩-৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/ ২০১১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে; এবং

(১১) এ আদেশ জারীর পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

**রায়না আহমদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ আশ্বিন ১৪১৯/৩০ সেপ্টেম্বর ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৩৩/১২/৪৬১**—যেহেতু, জনাব মোঃ নবেজ উদ্দিন সরকার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), লালমনিরহাট-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

সেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

যেহেতু, জনাব মোঃ নবেজ উদ্দিন সরকার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), লালমনিরহাট-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

২। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এম, নিয়াজউদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**কর্মসূচী-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ আশ্বিন ১৪১৯/৩০ সেপ্টেম্বর ২০১২

নং ৪১.০০.০০০০.০৪১.০৪.৪৩.০০৯-১২৭—সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন সকম/প্রতিবন্ধী-৪৪/৯৮(অংশ-২)-৯২, তারিখ ২ এপ্রিল ২০০৫ এর মাধ্যমে গঠিত 'প্রবীণ বিষয়ক জাতীয় কমিটি' নিম্নরূপভাবে পুনঃগঠন করা হলো। এখন হতে এ কমিটি 'প্রবীণ বিষয়ক জাতীয় কমিটি' হিসেবে কাজ করবে।

**সভাপতি**

(১) মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়

**সহ-সভাপতি**

(২) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(৩) অধ্যাপক, প্রাণগোপাল দত্ত, উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।

(৪) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা

(৫) ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন।

(৬) বিভাগীয় প্রধান (স্কাইসোয়াম উইং), পরিকল্পনা কমিশন।

(৭) প্রতিনিধি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)।

(৮) প্রতিনিধি, যোগাযোগ মন্ত্রণালয় (যুগ্ম- সচিবের নীচে নয়)।

(৯) প্রতিনিধি, রেলপথ মন্ত্রণালয় (যুগ্ম- সচিবের নীচে নয়)।

(১০) প্রতিনিধি, পূর্ত মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১১) প্রতিনিধি, নির্বাচন কমিশন সচিবালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)।

(১২) প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৩) প্রতিনিধি, তথ্য মন্তণালয় (যুগ্ম-সচিবের নীচে নয়)

(১৪) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

(১৫) সভাপতি, প্রবীণ হিতৈশী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান, ঢাকা।

(১৬) সভাপতি, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।

(১৭) সভাপতি, জাতীয় প্রবীণ অধিকার ফোরাম, ঢাকা

(১৮) সভাপতি, বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতি, ঢাকা।

(১৯) সভাপতি, বয়স্ক পুনর্বাসন কেন্দ্র, ৫৩ মতিঝিল বা/এ, ঢাকা।

(২০) সভাপতি, জাতীয় প্রতিবন্ধী ফোরাম, ঢাকা

(২১) জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্লস গাইড, ঢাকা

(২২) চেয়ারম্যান, বয়স্ক ও শিশু পুনর্বাসন কেন্দ্র, ঢাকা

(২৩) প্রফেসর ডাঃ এম আর খান, বিশিষ্ট সমাজসেবক ও প্রকল্প পরিচালক, ইনস্টিটিউট অব চাইল্ড হেল্থ কমপ্লেক্স, ঢাকা।

(২৪) পরিচালক, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার, ঢাকা

(২৫) সভাপতি, এজ ওয়েল ফাউন্ডেশন বাংলাদেশ, ঢাকা

(২৬) সভাপতি, বয়স্বী কল্যাণ সমিতি, ঢাকা

(২৭) নির্বাহী পরিচালক, বিডব্লিউএইচসি, ঢাকা

**সদস্য-সচিব**

(২৮) যুগ্ম-সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা

২। **প্রস্তাবিত কমিটির কর্মপরিধি নিম্নরূপ হবে :**

(ক) বাংলাদেশের প্রবীণদের সার্বিক অবস্থার মূল্যায়ন ও গবেষণার ব্যবস্থা করা।

(২) প্রবীণদের জন্য চলমান কর্মসূচীর মূল্যায়ন ও ভবিষ্যৎ কর্মপন্থা সুপারিশ করা।

(গ) প্রবীণদের আর্থসামাজিক উন্নয়ন ও আইনি সহায়তার জন্য কর্মসূচি গ্রহণের বিষয়ে সুপারিশ করা।

(ঘ) দেশের প্রবীণ নাগরিকদের প্রতি সম্মাননা প্রদানের লক্ষে তাদের ‘সিনিয়র সিটিজেন’ ঘোষণার উদ্যোগ গ্রহণ করা।

(ঙ) প্রবীণদের কল্যাণের জন্য জাতীয় নীতিমালা ও আইনের খসড়া চূড়ান্ত করা।

৩। কমিটির মেয়াদ সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারির তারিখ থেকে তিন বছরের জন্য কার্যকর থাকবে এবং কমিটি সর্বোচ্চ দু’জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মির্জা তারিক হিকমত**
উপ-সচিব (কর্মসূচি-২ অধিশাখা)।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ ভাদ্র ১৪১৯/১৩ সেপ্টেম্বর ২০১২

**নং ৪৪.০০.০০০০.০৫৫.১০.০০২.২০১১-১২১৮**—গত ২০-৮-২০১২ তারিখে পবিত্র ঈদ-উল ফিতরের দিন বেলা ১১.০০ ঘটিকার সময় রামপাল বাঘা রোডের ঝনঝনিয়া ইউনিয়ন পরিষদের উত্তর পার্শ্বের রাস্তা হইতে স্থানীয় জামায়াত-শিবিরের ক্যাডার এ্যাডঃ আব্দুল ওয়াদুদসহ ২৫ জন এবং অজ্ঞাতনামা ৩০/৪০ জন জামায়াত-শিবির ক্যাডার বাহিনীর লোকজন মাথায় ছাত্র-শিবির লেখা প্ল্যাকার্ড বাধা অবস্থায় সরকার ও রাষ্ট্রবিরোধী বিভিন্ন শ্লোগান দিতে দিতে মারমুখী অবস্থায় রামপাল সদরের দিকে অগ্রসর হইতে থাকে। উশৃঙ্খল জামায়াত-শিবিরের লোকেরা রাষ্ট্র বিরোধী শ্লোগান দিতে থাকে এবং একটি নির্বাচিত সরকারকে উৎখাতের জন্য বিভিন্ন প্রকার বক্তব্য দিতে থাকে যাহা রাষ্ট্রদ্রোহীর শামিল। তাহাদের এহনে কর্মকাণ্ড দণ্ডবিধি ১২৪-ক ধারায় শাস্তিযোগ্য অপরাধ। বর্ণিতাবস্থায়, উল্লিখিত আসামীর বিরুদ্ধে দণ্ডবিধি’র ১২৪-ক ধারায় মামলা রুজু করার জন্য ফৌজদারি কার্যবিধির ১৯৬ ধারার অধীন সরকারের মঞ্জুরী (Sanction) এতদদ্বারা প্রদান করা হ’ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
সিনিয়র সহকারী সচিব।

**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ সেপ্টেম্বর ২০১২

**নং স্বঃমঃ (রাজ-৪)/বিবিধ-৩/২০০৩/১১৬৪**—যেহেতু, নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩০ সেপ্টেম্বর ২০১২ তারিখে ৯ম জাতীয় সংসদের ১৯৭ গাজিপুর-৪ শূন্য আসনে উপ-নির্বাচন অনুষ্ঠিত হইবে, সেহেতু সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় আইন শৃংখলা বজায় রাখার লক্ষ্যে জনস্বার্থে বৈধ ও লাইসেন্সধারীর অস্ত্র মালিকদের সকল প্রকার আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ The Arms Act 1878 (Act. No. XI of 1878) এর Section 17-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত আদেশ জারী করিল :

২। সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ২৮ সেপ্টেম্বর ২০১২ তারিখ হইতে ৪ অক্টোবর ২০১২ তারিখ পর্যন্ত সকল আগ্নেয়াস্ত্র মালিকদের অস্ত্র বহন অথবা অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

(৩) যাহারা এ আদেশ লংঘন করিবেন তাঁহাদের বিরুদ্ধে অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারামতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৪) এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :

(ক) আইন-শৃঙ্খলা রক্ষার সহিত সম্পৃক্ত সকল আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য;

(খ) সরকারি-আধাসরকারি এবং বেসরকারি বিভিন্ন দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী।

**ব্যাখ্যা :** এই আদেশে “আইন-শৃঙ্খলা বাহিনী” বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৫২ তে সংজ্ঞায়িত বাহিনীকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, কে, মফিজুল হক**
উপ-সচিব (রাজ-৪)।

## কারা অধিশাখা-২

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ ২১ অক্টোবর ২০১২

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৩.১২.২৭৭**—আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **গাইবান্ধা জেলা কারাগারে** আটক নিম্নলিখিত কয়েদীর কারাদণ্ড ও অর্থ দণ্ড মওকুফ করা হয়েছে :

কয়েদী-২০৪৬/এ
নাম মোঃ জিল্লুর রহমান @ জিল্লু
পিতা মোসলেম উদ্দিন @ মোসলেম
বয়স ২৯ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৩.১২.২৭৮**—আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **দিনাজপুর জেলা কারাগারে** আটক নিম্নলিখিত কয়েদীদের কারাদণ্ড ও অর্থ দণ্ড মওকুফ করা হয়েছে :

(১) কয়েদী-৪৪৯৮/এ
নাম মোঃ মামুন
পিতা মোঃ কাওসার আলী
বয়স ৩৫ বৎসর।

(২) কয়েদী-৫৫৪৬/এ
নাম মোঃ আতাউর রহমান ওরফে খোকন
পিতা মৃত জয়নাল আবেদীন
বয়স ৩৫ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৩.১২.২৭৯**—আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **খুলনা জেলা কারাগারে** আটক নিম্নলিখিত কয়েদীর কারাদণ্ড ও অর্থ দণ্ড মওকুফ করা হয়েছে :

কয়েদী-৫১৩/এ
নাম মোঃ শিহাব ফকির
পিতা সামছুর রহমান ফকির
বয়স ২৮ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৩.১২.২৮০**—আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **পটুয়াখালী জেলা কারাগারে** আটক নিম্নলিখিত কয়েদীদের কারাদণ্ড ও অর্থ দণ্ড মওকুফ করা হয়েছে :

(১) কয়েদী-৮১৮২/এ
নাম আতাহার বেপারী
পিতা বাসক আলী বেপারী
বয়স ৭০ বৎসর।

(২) কয়েদী-৭৬১৬/এ
নাম কাদের হাওলাদার
পিতা হাজী মোহাম্মদ হাওলাদার
বয়স ৮২ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০৩.১২.২৮১**—আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা' ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার কর্তৃক **বরগুনা জেলা কারাগারে** আটক নিম্নলিখিত কয়েদীর কারাদণ্ড ও অর্থ দণ্ড মওকুফ করা হয়েছে :

কয়েদী-৩৪৪৩/এ
নাম সুলতান শরীফ
পিতা মৃত জয়নাল শরীফ
বয়স ৭০ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাঈদ মাহমুদ বেলাল হায়দর**
উপ-সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা-১ শাখা

## আদেশ

তারিখ, ১৬ সেপ্টেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১২-৮৯২**—যেহেতু, ডাঃ সৈয়দ খায়রুল আনাম (৩৩৩৮৪), প্রাক্তন ভারপ্রাপ্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৩০-৮-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে তৎকালীন পরিচালক (স্বাস্থ্য) এর বদলীজনিত কারণে তাকে স্থানীয় ব্যবস্থাপনায় ১১-১০-২০১২ তারিখ ভারপ্রাপ্ত পরিচালক (স্বাস্থ্য) পদে দায়িত্ব প্রদান করা হয়। তিনি দায়িত্বভার গ্রহণ করে তার নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য বিভাগীয় কর্মকর্তা ও কর্মচারীদের তদারকি ও সরকারি কাজে শৃংখলা আনয়নে তাঁর সাধ্যমত চেষ্টা করেছেন। চাকুরীর ৫৯ বৎসর পূর্তিতে তিনি গত ২৯-৬-২০১২ তারিখ হতে পিআরএল-এ রয়েছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ সৈয়দ খায়রুল আনাম (৩৩৩৮৪), প্রাক্তন ভারপ্রাপ্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

**আদেশাবলী**

তারিখ, ২ আশ্বিন ১৪১৯/১৭ সেপ্টেম্বর ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-০৯/২০০১-৯০০**—যেহেতু, ডাঃ কাজী সাইদা আখতার (৪০২১০), প্রাক্তন মেডিকেল অফিসার, কাজীর পাগলা উপ-স্বাস্থ্য কেন্দ্র, লৌহজং, মুন্সিগঞ্জ ১-৪-২০০০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ কাজী সাইদা আখতার (৪০২১০), প্রাক্তন মেডিকেল অফিসার, কাজীর পাগলা উপ-স্বাস্থ্য কেন্দ্র, লৌহজং, মুন্সিগঞ্জ-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১-৪-২০০০ হতে সরকারি চাকুরি থেকে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১১-৯০১**—যেহেতু, ডাঃ তানিয়া হোসেন (৪২২৪৯), সহকারী সার্জন, সোনারগাঁও ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সোনারগাঁও নারায়ণগঞ্জ গত ৭-৮-২০১০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ তানিয়া হোসেন (৪২২৪৯), সহকারী সার্জন, সোনারগাঁও ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, সোনারগাঁও, নারায়ণগঞ্জ-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৭-৮-২০১০ হতে সরকারি চাকুরি থেকে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০২.০০.১১১.২০১২-৯০২**—যেহেতু, ডাঃ মোঃ মাহমুদ হোসেন (৪০২৬১), প্রাক্তন ব্যাক্টেরিওলজিস্ট, জনস্বাস্থ্য প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা লিয়েনে সৌদি আরবে চাকুরি করার নিমিত্ত ১৮-৫-২০০৬ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন এবং তার লিয়েনের মেয়াদ ২০-৪-২০১০ পর্যন্ত হলেও তিনি যথা সময়ে কর্মস্থলে যোগদান না করে গত ১৮-৩-২০১২ তারিখে যোগদান পত্র পেশ করেন। গত ১৮-৫-২০১১ তারিখে তাঁর লিয়েনের মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়;

যেহেতু, তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতিকাল ০৫ (পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে;

যেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি ৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাকে কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ মোঃ মাহমুদ হোসেন (৪০২৬১), প্রাক্তন ব্যাক্টেরিওলজিস্ট, জনস্বাস্থ্য প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা এর চাকুরি অবসান (Ceased) করা হলো।

ডাঃ মোঃ মাহমুদ হোসেন (৪০২৬১), প্রাক্তন ব্যাক্টেরিওলজিস্ট, জনস্বাস্থ্য প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার তারিখ অর্থাৎ ১৮-৫-২০১১ তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

তারিখ, ২৫ সেপ্টেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০২.০০.০৫৩.২০১১-৯২৪**—যেহেতু, ডাঃ ত্রিদিব চৌধুরী (৩৮৩৩১), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওথেরাপি বিভাগ, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট গত ৯-৪-২০১০ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ ত্রিদিব চৌধুরী (৩৮৩৩১), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওথেরাপি বিভাগ, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ৯-৪-২০১০ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

**আদেশ**

তারিখ, ৪ সেপ্টেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১২-৮৯৬**—যেহেতু, ডাঃ মোঃ আক্তারুজ্জামান তালুকদার (৩৫১০২), সহকারী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন বিভাগ, শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) বিধি মোতাবেক "অদক্ষতা" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২-৯-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় গত ২২-১১-২০১১ তারিখ এমএল নং ২১৪/১১, তারিখ ২২-১১-২০১১ এর সাথে সম্পৃক্ত ভিকটিম সোনিয়া আক্তার, পিতা আবু জাফর হাওলাদারকে পরীক্ষা নিরীক্ষা করে এমএল নং ১৩৩/১১, তারিখ ৬-৮-২০১১ এর ফরমে কপি করেন এবং এক্সরে রিপোর্ট আসার পরে তা প্রস্তুতকৃত রিপোর্টের সঙ্গে সংগতিপূর্ণ কিনা নিশ্চিত না হয়ে ভুল অবস্থায় কম্পিউটারে ধারণকৃত ক্রটিপূর্ণ রিপোর্ট প্রেরণ করেন। পরবর্তীতে তিনি সংশোধিত রিপোর্ট ৩-১-২০১২ তারিখে থানায় প্রেরণ করেন। কম্পিউটারে ক্রটির কারণে অসাবধানবশতঃ ১ম রিপোর্ট ক্রটিপূর্ণ ছিল। তিনি অসাবধানতার ভুল রিপোর্ট প্রণয়নের জন্য দুঃখিত, অনুতপ্তঃ ও ক্ষমাপ্রার্থী;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আক্তারুজ্জামান তালুকদার (৩৫১০২), সহকারী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন বিভাগ, শেরেবাংলা মেডিকেল কলেজ, বরিশাল-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও স্বাস্থ্য অধিদপ্তরের তদন্ত প্রতিবেদন এবং নথিতে সংরক্ষিত অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে ভুল রিপোর্ট প্রণয়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০২ (দুই) বছরের জন্য তাঁর বেতন তার প্রাপ্য বর্তমান বেতন স্কেল ২২২৫০-৯০০×১০-৩১২৫০ টাকা এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে জাতীয় বেতন স্কেল ২০০৯ এর টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০ এর স্কেলে টাকা ২২২৫০-এ নির্ধারণ করার শাস্তি আরোপ করা হলো।

**খোরশেদ আলম চৌধুরী**
অতিরিক্ত সচিব।

---

**পার-৩ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ৩০ সেপ্টেম্বর ২০১২

**নং ৪৫.১৪৪.০১৯.০০.০০.০০৫.২০১২-৭৪৮**—প্রসূতি ও শিশু মৃত্যু হ্রাস কর্মসূচী বাস্তবায়নে গৃহীত EOC ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের সুবিধার্থে জুনিয়র কনসালট্যান্ট (গাইনী) এবং জুনিয়র কনসালট্যান্ট (এ্যানেসথেসিয়া) পদে চলতি দায়িত্ব প্রদান, বদলী ও পদায়নসহ সকল প্রকার চাকরি ব্যবস্থাপনা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে সম্পন্ন হবে।

ইতোপূর্বে এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরকে প্রদত্ত ক্ষমতা ও দায়িত্ব এতদ্বারা বাতিল করা হলো। এ আদেশ পত্রজারীর তারিখ হতে কার্যকর হবে।

**খালেদা আক্তার**
উপ-সচিব।

### জনস্বাস্থ্য-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১ অক্টোবর ২০১২

**নং জনস্বাস্থ্য-১/ইউ আ-৬/২০০২(অংশ)/২৩২**—ইউনানী ও আয়ুর্বেদিক এবং হোমিও শিক্ষা, চিকিৎসা ও গবেষণা বিষয়ে সার্বিক পর্যালোচনা এবং তার সমস্যা সমাধানের লক্ষ্যে গত ২১-১২-২০১১ তারিখের জনস্বাস্থ্য-১/ইউ আ-৬/২০০২(অংশ)/২৫৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত স্টিয়ারিং কমিটি সংশোধনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তরের (প্রতিনিধি)

(৩) ডীন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় (প্রতিনিধি)

(৪) চেয়ারম্যান, উদ্ভিদবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (প্রতিনিধি)।

(৫) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৬) উপ-প্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৭) পরিচালক (হোমিও ও দেশজ চিকিৎসা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(৮) অধ্যক্ষ, সরকারি হোমিওপ্যাথি ডিগ্রী কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৪, ঢাকা।

(৯) অধ্যক্ষ, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক ডিগ্রী কলেজ ও হাসপাতাল, মিরপুর-১৩, ঢাকা।

(১০) অধ্যক্ষ, তিব্বিয়া হাবিবিয়া কলেজ, ঢাকা

(১১) রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, ঢাকা।

(১২) রেজিস্ট্রার, বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড, ঢাকা

(১৩) সভাপতি, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল এসোসিয়েশন।

(১৪) সভাপতি, বাংলাদেশ ইউনানী মেডিকেল এসোসিয়েশন

(১৫) সভাপতি, বাংলাদেশ আয়ুর্বেদিক মেডিকেল এসোসিয়েশন।

(১৬) সদস্য, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড (ইউনানী প্রতিনিধি একজন)।

(১৭) সদস্য, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড (আয়ুর্বেদিক প্রতিনিধি একজন)।

(১৮) সদস্য, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড (প্রতিনিধি একজন)।

**সদস্য-সচিব**

(১৯) উপ-সচিব (জনস্বাস্থ্য-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**স্টিয়ারিং কমিটির কার্যপরিধি নিম্নরূপ ছিল :**

(ক) ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিও শিক্ষা, গবেষণা, ভেষজ বাগান সৃজন, প্রকাশনা ও চিকিৎসা পদ্ধতির উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে নীতি নির্ধারণ করা।

(খ) ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিও চিকিৎসা ব্যবস্থা ও সংশ্লিষ্ট ক্ষেত্রে সেবা প্রদান বৃদ্ধির বিষয় পর্যালোচনা করা ও উদ্ভূত সমস্যা সমাধানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(গ) WHO কর্তৃক আয়োজিত World Health Assembly-তে গৃহীত সুপারিশসমূহ পর্যালোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(ঘ) কমিটি প্রতি মাসে ১ বার সভায় মিলিত হবেন। প্রয়োজনে কমিটি সভা নতুন সদস্য-কো-অপ্ট করতে পারবে।

(ঙ) এ কমিটির মেয়াদ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ২ (দুই) বৎসর বলবৎ থাকবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**ড. আছমা আক্তার জাহান**
উপ-সচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ, ২৪ সেপ্টেম্বর ২০১২

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-২০/২০০৮/২২১**—বিশ্বস্বাস্থ্য সংস্থা ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত Essential Drug List এর আলোকে তালিকাভুক্ত ঔষধসমূহ যার মূল্য সরকার কর্তৃক নিয়ন্ত্রণ করা হয় এইরূপ ঔষধসমূহের তালিকা হালনাগাদকরণের নিমিত্তে নিম্নে বর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৩) মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি (পরিচালক পদমর্যাদার নীচে নয় এমন একজন প্রতিনিধি)।

(৪) অধ্যাপক মোঃ আজিজুল কাহ্‌হার, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।

(৫) অধ্যাপক ডাঃ মোঃ সাইদুর রহমান, ফার্মাকোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৬) পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**কমিটির কার্যপরিধি :**

(ক) বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত Essential Drug List এর আলোকে তালিকাভুক্ত ঔষধসমূহ যার মূল্য সরকার কর্তৃক নিয়ন্ত্রিত (বিদ্যমান ১১৭টি) তা হালনাগাদ করে নতুন তালিকা প্রণয়ন।

(খ) কমিটি আগামী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে বিদ্যমান তালিকাভুক্ত ঔষধসমূহ যাচাই-বাছাইপূর্বক তালিকা হালনাগাদ করতঃ সিনিয়র সচিব বরাবরে সুপারিশসহ প্রতিবেদন পেশ করিবেন।

**ইফ্‌ফাত আরা মাহমুদ**
উপ-সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ সেপ্টেম্বর ২০১২

নং **৪৬.০৬৩.০৩২.০১.০০.০০২.২০১১-১৪৮৬**—গাইবান্ধা পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব মতিউর রহমান লিটন গত ৭-৯-২০১২ তারিখে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, (২০০৯ এর ৩৩(১)(চ) উপ-ধারামতে সরকার উল্লিখিত তারিখ হইতে গাইবান্ধা পৌরসভার ৬নং ওয়ার্ড কাউন্সিলর পদটি শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১ শাখা**
**আদেশাবলী**

তারিখ, ৯ ডিসেম্বর ২০১২

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০১৭.২০১২-১১১৪**—যেহেতু, ডাঃ ডি এস এম জাকির হোসেন (৪৩৯২৮), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, ভোলা (প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৪-১২-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান এমডি (চেষ্ট ডিজিজেস) থিসিস পর্ব অধ্যয়নের নিমিত্ত তিনি স্বাস্থ্য অধিদপ্তরের ওএসডি হিসেবে প্রেষণরত ছিলেন। অধ্যয়ন সম্পন্ন করার জন্য তিনি কর্তৃপক্ষের মাধ্যমে ০১-০৭-২০১১ তারিখ হতে ৩১-১২-২০১১ তারিখ পর্যন্ত শিক্ষাছুটি বৃদ্ধির আবেদন করেছিলেন। যা বিলম্বে মঞ্জুর করা হয় এবং ০১-০১-২০১২ তারিখ হতে ২৭-০২-২০১২ তারিখ পর্যন্ত ওএসডি হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেষণে জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতালে ছিলেন। তবে উক্ত সময়কালকে শিক্ষাছুটি বা বাধ্যতামূলক অপেক্ষমানকাল হিসেবে মঞ্জুর করা হয়নি;

এক্ষণে, সেহেতু ডাঃ ডি এস এম জাকির হোসেন (৪৩৯২৮), মেডিকেল অফিসার, বক্ষব্যাধি ক্লিনিক, ভোলা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (এ) বিধি মতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

তারিখ, ২১ নভেম্বর ২০১২

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.১২১.২০১২-১০৬৯**—যেহেতু, ডাঃ ইভা রানী নন্দী (কোড নং ১২২১৩৪), মেডিকেল অফিসার, স্কুল হেলথ ক্লিনিক, শেরেবাংলা নগর, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, জুনিয়র কনসালটেন্ট ইএনটি পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাংশা, রাজবাড়ী)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৩-১১-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান তাঁর শ্বশুর হঠাৎ অসুস্থ হওয়ায় তিনি কর্তৃপক্ষের মৌখিক অনুমতি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং শ্বশুরের চিকিৎসা ও পরবর্তীতে মৃত্যু এবং সাংসারিক অন্যান্য কারণে তিনি উক্ত সময়ে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকায় অপরাধ স্বীকার করেন এবং ক্ষমা প্রার্থনা পূর্বক ভবিষ্যতে এ ধরনের আচরণ হতে বিরত থাকবেন মর্মে জানান;

এক্ষণে, সেহেতু ডাঃ ইভা রানী নন্দী (কোড নং ১২২১৩৪), মেডিকেল অফিসার, স্কুল হেলথ ক্লিনিক, শেরেবাংলা নগর, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, (জুনিয়র কনসালটেন্ট ইএনটি পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাংশা, রাজবাড়ী)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁর ভুলের জন্য দুঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করায় নবীন কর্মকর্তা হিসেবে তাঁকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

তারিখ, ০৫ ডিসেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১২-১১০৪**—যেহেতু, ডাঃ ফারুক আহমেদ (কোড নং ৪০৪৮০), প্রভাষক (মাইক্রোবায়লজি), ঢাকা মেডিকেল কলেজ ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ২১-১১-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, বিএসএমএমইউ-তে উচ্চশিক্ষার জন্য নিয়োজিত থাকায় তৃতীয় বারের মত শিক্ষাছুটি মঞ্জুর করা হবে ধারণার বশবর্তী হয়ে তিনি চাকুরীতে যোগদান থেকে বিরত ছিলেন। তিনি এজন্য দুঃখ প্রকাশ করে ভবিষ্যতে এ ধরনের আচরণ হতে বিরত থাকবেন মর্মে জানান;

এক্ষণে, সেহেতু, ডাঃ ফারুক আহমেদ (কোড নং ৪০৪৮০), প্রভাষক (মাইক্রোবায়লজি), ঢাকা মেডিকেল কলেজ ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়দি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারীর তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হলো।

তারিখ, ১১ ডিসেম্বর ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৮.২০১২-১১১৬**—যেহেতু, ডাঃ মোঃ মিজানুর রহমান (কোড নং ১১০০৮২), লেকচারার (বায়োকেমিষ্ট্রি), চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম (প্রাক্তন ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৪-১২-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি ০১-০৭-২০০৯ হতে ৩০-০৬-২০১১ তারিখ পর্যন্ত শিক্ষাছুটিতে ছিলেন। কোর্স সম্পন্ন না হওয়ায় তিনি ১৪-০৬-২০১১ তারিখে আরো ০৬ মাস শিক্ষাছুটি বৃদ্ধির জন্য আবেদন করেন। যা স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মন্ত্রণালয়ে অগ্রবর্তী করা হয়। তবে তার ছুটি মঞ্জুর হয়নি। স্বাস্থ্য অধিদপ্তর হতে তাঁকে প্রভাষক (বায়োকেমিষ্ট্রি) হিসেবে চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রামে পদায়ন করা হলে সেখানে তিনি যোগদান করেন। তিনি তার আচরণের জন্য ক্ষমা প্রার্থনা করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ মিজানুর রহমান (কোড নং ১১০০৮২), লেকচারার (বায়োকেমিষ্ট্রি), চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

**শৃংখলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪১৯/০৬ ডিসেম্বর ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-২/অভি-১/২০০৯/৯৬**—যেহেতু, জনাব মোঃ মোদাব্বের হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল), বিধিমালা ১৯৮৫ এর ৩ (ডি) বিধি মোতাবেক 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে গত ০২-০২-২০০৯ তারিখে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তার জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি ;

যেহেতু, অত্র মন্ত্রণালয় কর্তৃক তাকে সরকারি চাকরি হতে "বাধ্যতামূলক অবসর" প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে গত ০২-১১-২০১০ তারিখে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) তদন্ত কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন না হওয়ায় মামলার সমুদয় কাগজপত্র মন্ত্রণালয়ে ফেরত পাঠানো হয়েছে ;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ মোদাব্বের হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (বি) বিধি মোতাবেক তাঁর ৩টি বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারী হওয়ার তারিখ থেকে ০৩ (তিন) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হলো। পরবর্তীতে বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিতাদেশের জন্য বকেয়া প্রাপ্ত হবেনা।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ. এম. বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

### উন্নয়ন শাখা-১

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৩ জানুয়ারি ২০১৩

**নং ৩২.০১.০০০০.০৫৬.১৫.০০৪.০৫(১).২৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৩-২০১১ তারিখের ০৫.১৫৯.০১৫.৩২.০০.০০৭.২০১১-৯৭ নং সম্মতিপত্র, অর্থ বিভাগের ২১-১১-২০১১ তারিখের ০৭.১৫০.০১৫.৩২.০১.০০৬.২০১১.৪৩৪.৩১.০১.২০১২ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩২.০১২.১২-৩১ এবং ২৩.১০.২০১২ তারিখে ০৭.০০.০০০০.১৬২.৩২.০১২.১২-২৪০ নং সম্মতিপত্র ও মন্ত্রিপরিষদ বিভাগের ২৬-১২-২০১২ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মহিলা কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাগেরহাট" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অব্যাহতভাবে কর্মরত জনবলসহ নিম্নোক্ত ১২ (বার) টি পদ ধারাবাহিকভাবে ০১-০৭-২০০৫ তারিখ হতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে রাজস্বখাতে স্থানান্তরে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | নির্ধারণকৃত বেতন স্কেল-২০০৯ | শর্ত/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | প্রশিক্ষক-(ফিসারীজ/আধুনিক গার্মেন্টস)-০২টি | টাঃ ১১০০০—২০৩৭০ (৯ নং স্কেল) | পদটি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, প্রোগ্রাম অফিসার, প্রশাসনিক-কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা, অডিট অফিসার, হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, ডে-কেয়ার অফিসার ও সমাজকল্যাণ কর্মকর্তা পদ হতে পদোন্নতির মাধ্যমে। |
| ২ | কম্পিউটার অপারেটর-০১টি | টাঃ ৫৫০০—১২০৯৫ (১৩ নং স্কেল) টাঃ ৬৪০০—১৪২৫৫ (১১ নং স্কেল) (বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ সাপেক্ষে ১১ নং স্কেল প্রাপ্য) | পদটি দি কম্পিউটার পার্সোনেল (গভঃ এন্ড লোকাল অথরিটিজ) রিক্রুটমেন্ট রুলস, ১৯৮৫ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| ৩ | হোস্টেল মেট্রন-০১ টি | টাঃ ৫২০০—১১২৩৫ (১৪ নং স্কেল) | স্নাতক ডিগ্রী পাশ। |
| ৪ | স্টোর কিপার-০১টি | টাঃ ৫২০০—১১২৩৫ (১৪ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| ৫ | গাড়ীচালক-০১টি | টাঃ ৪৭০০—৯৭৪৫ (১৬ নং স্কেল) টাঃ ৪৯০০—১০৪৫০ (১৫ নং স্কেল) (ভারী গাড়ী চালনার লাইসেন্স থাকা সাপেক্ষে ১৫ নং স্কেল প্রাপ্য) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| ৬ | (ক) পশুপালনকর্মী-০১ টি (খ) কৃষিকর্মী-০১ টি (গ) পোল্ট্রিকর্মী-০১ টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০ নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃতপ্রাপ্ত বোর্ড হতে এস,এস, সি পাশ। |
| ৭ | বাবুর্চি-০১ টি | টাঃ ৪২৫০—৮১৪০ (১৯ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| ৮ | সহকারী বাবুর্চি-০১ টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০ নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** ন্যূনতম ৮ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ৯ | এম,এল,এস,এস-০১ টি | টাঃ ৪১০০—৭৭৪০ (২০ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |

**শর্তাবলী ঃ**

(ক) উপরে বর্ণিত ১২(বার) টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে ০১-০৭-২০০৫ তারিখ হতে ধারাবাহিকভাবে রাজস্ব খাতে স্থানান্তরিত করা হ'ল যা মহিলা বিষয়ক অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা হ'ল। যে সব পদ নিয়োগবিধিতে নেই সে সব পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) সুপারিশকৃত পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরের ক্ষেত্রে অর্থ ও জনপ্রশাসন মন্ত্রণালয় আরোপিত সকল শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

(গ) পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা যথাযথভাবে পালন করা হয়েছে।

(ঘ) এ বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে।

(ঙ) প্রশাসনিক সচিব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী 'মশালচি' পদটি 'সহকারী বাবুর্চি' হিসেবে পরিবর্তিত করে স্থানান্তর করা হয়েছে।

(চ) স্থানান্তরিত সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্বখাতে নিয়মিতকরণের ক্ষেত্রে 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ' বিষয়ে নতুন এস.আর. ও জারী করা হবে।

(ছ) সমাপ্ত প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহনসহ যাবতীয় অফিস সরঞ্জামাদি সরকারি বিদ্যমান বিধি/নির্দেশাবলী মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্বখাতে সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) জাতীয় বেতন স্কেল ২০০৯ এর আওতায় পদসমূহ স্থানান্তর করা হল। বেতনস্কেল নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ বাস্তবায়ন শাখা-২ এর স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.৩২.০১২.১২-৩১, তারিখ ৩১-০১-২০১২ ও ০৭.০০.০০০০.১৬২.৩২.০১২.১২-২৪০, তারিখ ২৩-১০-২০১২ এ প্রদত্ত শর্ত মোতাবেক প্রদর্শন করা হ'ল।

(ঝ) পশুপালনকর্মী ০১টি, পোল্ট্রিকর্মী ০১টি, কৃষিকর্মী ০১টি, বাবুর্চি ০১টি, সহকারী বাবুর্চি ০১টি ও এম.এল.এস.এস এর ১টি পদ স্থানান্তর হওয়ার ফলে স্থানান্তরিত লোকবল দ্বারা পূরণ হওয়ার পর তাঁদের অবসর গ্রহণ বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা Out Sourcing এর মাধ্যমে পূরণ করা হবে।

(ঞ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/পঃবিঃশাঃ/কপগ-১১/২০১১-১১১ নং প্রজ্ঞাপন অনুসরণপূর্বক এ আদেশ জারী করা হলো এবং পদ সংরক্ষণের ক্ষেত্রে উক্ত আদেশ অনুসরণ করা হবে।

(ট) এ আদেশ জারীর পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

**নং ৩২.০১.০০০০.০৫৬.১৫.০০৩.০৫.২৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৩-২০১১ তারিখের ০৫.১৫৯.০১৫.৩২.০০.০০১.২০১১-৭০ নং সম্মতিপত্র, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৪-০৭-২০১১ তারিখের ০৭.১৫৪.০২৮.৩২.০১.০০৫.২০১১.১৩৪, ২৩-১০-২০১২ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩২.০০৩.১২-২৪১ নং সম্মতিপত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৬-১২-২০১২ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী" শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অব্যাহতভাবে কর্মরত জনবলসহ নিম্নোক্ত ১৭ (সতের) টি পদ ধারাবাহিকভাবে ০১-০৭-২০০৮ তারিখ হতে বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে মহিলা বিষয়ক অধিদপ্তরের অনুকূলে রাজস্বখাতে স্থানান্তরে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | নির্ধারণকৃত বেতন স্কেল-২০০৯ | শর্ত/মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১ | প্রশিক্ষক-(আধুনিক গার্মেন্টস/হর্টিকালচার/ ফিসারীজ)-০৩টি | টাঃ ১১০০০—২০৩৭০ (৯ নং স্কেল) | পদটি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, প্রোগ্রাম অফিসার, প্রশাসনিক-কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা, অডিট অফিসার, হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, ডে-কেয়ার অফিসার ও সমাজকল্যাণ কর্মকর্তা পদ হতে পদোন্নতির মাধ্যমে। |
| ২ | হিসাব রক্ষক-০১টি | টাঃ ৫২০০—১১২৩৫ (১৪ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |
| ৩ | হোস্টেল মেট্রন-০১ টি | টাঃ ৫২০০—১১২৩৫ (১৪ নং স্কেল) | স্নাতক ডিগ্রী পাশ। |
| ৪ | গাড়ীচালক-০১টি | টাঃ ৪৭০০—৯৭৪৫ (১৬ নং স্কেল) (হালকা গাড়ী চালনার লাইসেন্সধারীর জন্য)<br>টাঃ ৪৯০০—১০৪৫০ (১৫ নং স্কেল) (ভারী গাড়ী চালনার লাইসেন্সধারীর জন্য) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষে। |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৫ | পশুপালনকর্মী-০১টি<br>কৃষিকর্মী-০১ টি<br>পোল্ট্রিকর্মী-০১ টি<br>মৎস্যকর্মী-০১ টি | টাঃ ৪১০০—৭৭৪০<br>(২০ নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** কোন স্বীকৃতপ্রাপ্ত বোর্ড হতে এস,এস, সি পাশ। |
| ৬ | বাবুর্চি-০১ টি | টাঃ ৪২৫০—৮১৪০<br>(১৯ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষ। |
| ৭ | সহকারী বাবুর্চি-০১ টি | টাঃ ৪১০০—৭৭৪০<br>(২০ নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** ন্যূনতম ৮ম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| ৮ | দারোয়ান-০৩ টি | টাঃ ৪১০০—৭৭৪০<br>(২০ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষ। |
| ৯ | এম,এল,এস,এস-০১ টি | টাঃ ৪১০০—৭৭৪০<br>(২০ নং স্কেল) | পদটি কর্মকর্তা ও কর্মচারী (মহিলা বিষয়ক পরিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পূরণ সাপেক্ষ। |
| ১০ | সুইপার-০১ টি | টাঃ ৪১০০—৭৭৪০<br>(২০ নং স্কেল) | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** ৮ম শ্রেণী পাশ। |

**শর্তাবলী ঃ**

(ক) উপরে বর্ণিত ১৭ (সতের) টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে ০১-০৭-২০০৮ তারিখ হতে ধারাবাহিকভাবে রাজস্ব খাতে স্থানান্তরিত করা হ'ল যা মহিলা বিষয়ক অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা হ'ল। যে সব পদ নিয়োগবিধিতে নেই সে সব পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) সুপারিশকৃত পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরের ক্ষেত্রে অর্থ ও জনপ্রশাসন মন্ত্রণালয় আরোপিত সকল শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

(গ) পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরের ক্ষেত্রে সকল আনুষ্ঠানিকতা যথাযথভাবে পালন করা হয়েছে।

(ঘ) এ বিষয়ে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে।

(ঙ) স্থানান্তরিত সমাপ্ত প্রকল্পের জনবল রাজস্বখাতে নিয়মিতকরণের ক্ষেত্রে 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ' বিষয়ে নতুন এস.আর. ও জারী করা হবে।

(চ) সমাপ্ত প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহনসহ যাবতীয় অফিস সরঞ্জামাদি বিদ্যমান বিধি/নির্দেশাবলী মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্বখাতে সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) জাতীয় বেতন স্কেল ২০০৯ এর আওতায় পদসমূহ স্থানান্তর করা হল। বেতনস্কেল নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-২ এর স্মারক নং ০৭.০০.০০০০.১৬২.৩২.০০৩.১২-২৪১, তারিখ ২৩-১০-২০১২ এ প্রদত্ত শর্ত মোতাবেক প্রদর্শন করা হ'ল।

(জ) বাবুর্চি ০১টি, সহকারী বাবুর্চি ০১ টি, দারোয়ান ০৩ টি, এম.এল.এস.এস এর ১টি ও সুইপার এর ১টি পদ স্থানান্তর হওয়ার ফলে স্থানান্তরিত লোকবল দ্বারা পূরণ হওয়ার পর তাঁদের অবসর গ্রহণ বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা Out Sourcing এর মাধ্যমে পূরণ করা হবে।

(ঝ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/পঃবিঃশাঃ/কপগ-১১/২০১১-১১১ নং প্রজ্ঞাপন অনুসরণপূর্বক এ আদেশ জারী করা হলো এবং পদ সংরক্ষণের ক্ষেত্রে উক্ত আদেশ অনুসরণ করা হবে।

(ঞ) এ আদেশ জারীর পূর্বে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

**কোহিনূর নাহার**
সহকারী সচিব।